সোনালী ব্যাংক পিএলসি.

বিশ্বস্ত ও স্মার্ট



অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধিত-২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিক্রয়ের

"নিলাম বিজ্ঞপ্তি"

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (বর্তমান ও স্থায়ী) ঃ মেসার্স অনিক এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আবু সাঈদ, সাং-নাংলা, পোঃ-দেবহাটা, উপজেলা- দেবহাটা, জেলা- সাতক্ষীরা।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, দেবহাটা শাখা, সাতক্ষীরা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১৬.১০.২০২৬ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা =১৩,০৯,৭২২/- টাকা (তের লক্ষ নয় হাজার সাতশত বাইশ টাকা মাত্র) (লেজার বকেয়া-১৩,০৪,৯২৪/- ও অনারোপিত সুদ টাকা=৪,৭৯৮/-) সহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্তে সোনালী ব্যাংক পিএলসি, দেবহাটা শাখার অনুকূলে নিম্ন বর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান অনুযায়ী মালিকানা প্রাপ্ত বন্ধকীকৃত সম্পত্তি নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছেঃ

সম্পত্তির তফসিল

সাব-রেজিষ্ট্রি অফিস ঃ সখিপুর, থানা ঃ দেবহাটা, জেলা ঃ সাতক্ষীরা এর অধীন

মৌজা	জেএল	খতিয়ান নং			দাগ নং		জমির পরিমান
		এস এ	ডিপি/ বিআরএস	নামপত্তনী খতিয়ান নং-			
নাংলা	৫১ হাল ৪৯	৭	৭৩২	১০৮৯	৪৩৮	১০৩৮	৭ শতক

" সম্পত্তির চৌহদ্দি"

১.উত্তরে - রিজিয়া খাতুন, ২. দক্ষিনে - আজিজুল, ৩.পূর্বে - সরকারী পিচের রাস্তা, ৪.পশ্চিমে - রমজান গাজী

ঃ শর্ত সমুহ ঃ

১. আগামী ..... ইং তারিখ দুপুর ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, সাতক্ষীরাতে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বিকাল ৪.১৫ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরন করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হবে।

২. দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

আর্নেষ্ট মানি/জামানতের পরিমান	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
উদ্ধৃত দর ১০,০০,০০১ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

৪. দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময়ের মধ্যে) সম্পূর্ন মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫. দরপত্রে উল্লেখিত তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবেন।

৬. দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্নিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবেনা।

৭. নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে সম্পত্তি হস্তান্তর করা হইবে, নিলাম ক্রেতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮. ঋনগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নিকট সরকারী/সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌর কর, ভূমি কর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯. কর্তৃপক্ষ কোন কারন ব্যতিরিকেই যে কোন/সকল দরপত্র গ্রহন বা বাতিল করিবার অধিকার সংরক্ষন করে।

১০. দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা ফেরত দেওয়া হইবে।

১১. নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ নিলামতব্য সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট সোনালী ব্যাংক পিএলসি, দেবহাটা শাখা, সাতক্ষীরা এর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

১২. নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে কোন কারন বশতঃ ছুটি ঘোষিত হইলে উহার পরবর্তী কার্যদিবসে নিলাম অনুষ্ঠিত হইবে।

(এইচ,এম, আহছান ইকবাল)
ম্যানেজার

H.M. AHSAN IQBAL
Manager (SPO), G-38164
Sonali Bank PLC
Debhata Branch, Satkhira.
Cell: 01713-206861

CamScanner